

ইউনিয়ন ডিজিটাল সেন্টার

ইউনিয়ন পরিষদ দেশের প্রাচীনতম স্থানীয় সরকার প্রতিষ্ঠান। এটি ত্বনমূল পর্যায়ে জনগণের সবচেয়ে কাছের সরকার। ইউনিয়ন পরিষদে স্থাপিত তথ্য-প্রযুক্তিভিত্তিক কেন্দ্র 'ইউনিয়ন ডিজিটাল সেন্টার' পরিষদকে নতুন মাত্রা প্রদান করেছে। ২০১০ সালের ১১ নভেম্বর মাননীয় প্রধানমন্ত্রী তাঁর কার্যালয় থেকে এবং নিউজিল্যান্ডের সাবেক প্রধানমন্ত্রী ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)'র প্রশাসক মিস হেলেন ক্লার্ক ভোলা জেলার চর কুকরিমুকরি ইউনিয়ন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সারাদেশের সকল ইউনিয়ন পরিষদে একটি করে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) একযোগে উদ্বোধন করেন। ইউডিসি'র মূল লক্ষ্য হল, ইউনিয়ন পরিষদকে একটি শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করা, যাতে এই সব প্রতিষ্ঠান ২০২১ সালের মধ্যে একটি তথ্য ও জ্ঞান-ভিত্তিক দেশ প্রতিষ্ঠায় যথাযথ ভূমিকা রাখতে পারে। পাশাপাশি এই সব কেন্দ্র সরকারি-বেসরকারি তথ্য ও সেবাসমূহ জনগণের কাছাকাছি নিয়ে যেতে, প্রযুক্তি বিভেদ দূর করতে ও সকল নাগরিককে তথ্য প্রবাহের আধুনিক ব্যবস্থার সাথে যুক্ত করতে সুদূর প্রসারী ভূমিকা রাখতে পারে।

Union Digital Center

Union Parishad is the oldest local government institution in the country. It is the closest government to the people at the grassroots level. The information technology based center 'Union Digital Centre' established in the Union Parishad has given a new dimension to the Parishad. On November 11, 2010, the Hon'ble Prime Minister inaugurated a Union Digital Center (UDC) in all Union Parishads across the country through video conference from his office and Miss Helen Clark, former Prime Minister of New Zealand and Administrator of the United Nations Development Program (UNDP) from Char Kukrimukri Union in Bhola district. . The main objective of UDC is to transform the Union Parishad into a strong institution so that these institutions can play their proper role in establishing an information and knowledge-based nation by 2021. In addition, these centers can play a far-reaching role in bringing public-private information and services closer to the people, bridging the technology divide and connecting all citizens with modern systems of information flow.